

হর্টেক্স ফাউন্ডেশন
সেচ ভবন (৪র্থ তলা), ২২ মানিক মিয়া এভিনিউ
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারি (Core Contractual Officer & Staff) নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-হর্টেক্স/এসপি অব ডিএই/এনএটিপি-২/এসআর/২০১৭-১৩৩

তারিখ: ১৮ মে ২০১৭ খ্রি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্ট্র্যাটেজিক পার্টনার হিসেবে হর্টেক্স ফাউন্ডেশনের অনুকূলে ডিপিপিভুক্ত নিম্নলিখিত পদে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য মাসিক সর্বসাকুল্য বেতনে (Consolidated Pay) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের বিবরণ	সর্বসাকুল্য মাসিক বেতন ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	নাম: একাউন্টস অফিসার পদ সংখ্যা: ০১ (এক) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা)	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে কমপক্ষে বি.কম/এমবিএ ইন ফিন্যান্স এ ডিগ্রী থাকতে হবে। হিসাব পরিচালনা ও ক্যাশ ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ফান্ড পরিচালনায় দাতা সংস্থা অর্থায়িত প্রকল্প কাজের অভিজ্ঞতা থাকতে হবে। MS Word, Excel, Power Point ইত্যাদি কাজে দক্ষতা থাকতে হবে।
০২	নাম: ডাটা এনালিস্ট/ কম্পিউটার অপারেটর পদ সংখ্যা: ০১ (এক) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা)	যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সরকারি/স্বায়ত্বশাসিত / বেসরকারি প্রতিষ্ঠান / দাতা সংস্থা অর্থায়িত প্রকল্পে ডাটা এনালিস্ট/কম্পিউটার অপারেটর হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। MS Word, Excel, Power Point, SPSS ইত্যাদি কাজে অভিজ্ঞতাসহ বাংলা ও ইংরেজী টাইপিং এ পারদর্শী হতে হবে।
০৩	নাম: ড্রাইভার পদ সংখ্যা: ০৫ (পাঁচ) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	২০,০০০/- (বিশ হাজার টাকা)	ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। সরকারি/ বেসরকারি/ বহুজাতিক/আন্তর্জাতিক কোম্পানি/ প্রকল্পে ন্যূনতম পাঁচ বছরের হালকা/ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর গাড়ী চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে।
০৪	নাম: সাপোর্ট স্টাফ- অফিস সাপোর্ট পদ সংখ্যা: ০১ (এক) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	১৬,০০০/- (ষোল হাজার টাকা)	ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। কমপক্ষে পাঁচ বছরের সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৫	নাম: সাপোর্ট স্টাফ- ডেসপাচার পদ সংখ্যা: ০১ (এক) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	১৬,০০০/- (ষোল হাজার টাকা)	ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। কমপক্ষে পাঁচ বছরের সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৬	নাম: লোকাল বিজনেস ফেসিলিটের (এলবিএফ) পদ সংখ্যা: ৩০ (ত্রিশ) মেয়াদ: ৬০ জনমাস বা প্রকল্প মেয়াদ, যা আগে ঘটবে	১২,০০০/- (বার হাজার টাকা)	ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। কৃষি পণ্য ব্যবসার কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্পে প্রস্তাবিত/ স্থাপিত সিসিএমসি/কালেকশন পয়েন্ট এলাকার প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

নিয়োগের শর্তাবলীঃ

১. আবেদনপত্রে প্রার্থীকে পদের নাম, নিজের নাম (বাংলা ও ইংরেজিতে), পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল/টেলিফোন নম্বরসহ), জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার নাম, ধর্ম, জাতীয়তা ইত্যাদি উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, হর্টেন্স ফাউন্ডেশন, সেচ ভবন (৪র্থ তলা), ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আগামী ০৮/০৬/২০১৭ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
২. প্রার্থীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (ড্রাইভার পদের ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্স), নিজ এলাকার পৌর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। পদের সাথে আবশ্যিকীয় যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
৩. প্রার্থীর বয়স ০৮ জুন ২০১৭ খ্রি: তারিখে ন্যূনতম ২৩ (তেইশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৪. অস্পষ্ট, অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।
৫. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
৬. প্রযোজ্য ক্ষেত্রে বেতন হতে সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৮. আবেদনপত্রের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
৯. প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা নিরীক্ষার পর শুধুমাত্র বৈধ প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
১০. চাকুরির ধারাবাহিকতা সন্তোষজনক বার্ষিক কর্মক্ষমতার ভিত্তিতে নবায়ন করা হবে।
১১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোঃ আব্দুল জলিল

০৮.০৬.২০১৭

(ড. মোঃ আব্দুল জলিল ভূঁঞা)
ব্যবস্থাপনা পরিচালক